আপনার কি জানা উচিত

এম্প্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ড্স্ অ্যাক্ট সম্বন্ধে

চাকরী সংক্রান্ত মানদণ্ড আইন, ২০০০ (Employment Standards Act, 2000) যেটি ই-এস-এ নামে পরিচিত, হচ্ছে একটি আইন যেটি অন্টারিওর কর্মস্থলে মানদণ্ডের ন্যূনতম গুণমান নিয়ন্ত্রণ করে। আপনি যদি অন্টারিওতে কর্মরত হন, তাহলে আপনি হয়তো ই-এস-এ দ্বারা সুরক্ষিত। কেন্দ্রীয় সরকারের এবং বেশকিছু বিশেষ শ্রেণীতে চাকরিরত কর্মচারীগণ এই আইনের আওতায় পড়ে না। কতিপয় কর্মচারীর ক্ষেত্রে ব্যতিক্রম ও বিশেষ নিয়ম আছে, এবং সকল কর্মচারীগণ ই-এস-এ নিয়মকানুনের আওতায় পড়ে না।

কর্মস্থলে আপনার অধিকার ও দায়িত্বসমূহ

কোনো কর্মচারী যদি তার ই-এস-এ সম্বন্ধে তথ্য বা তার অধিকার জানতে চায় তাহলে সেই অজুহাতে কোনো নিয়োগকর্তা সেই কর্মচারীকে ভয় দেখানো, বরখাস্ত করা, সাময়িকভাবে কর্মচ্যুত করা বা অন্য কোনোভাবে শাস্তি দেয়ার ভয় দেখাতে পারেন না। যদি কোনো কর্মচারী মনে করেন যে তাঁর নিয়োগকর্তা ই-এস-এ আইন মেনে চলছেন না, তাহলে তিনি সাহায্য নেয়ার জন্য শ্রম মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে পারেন।

দ্রষ্টব্য ঃ ইউনিয়নভুক্ত কর্মচারীগণ শ্রম মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার আগে তাঁদের ইউনিয়ন প্রতিনিধির সাথে কথা বলবেন যদি তাঁরা মনে করেন তাঁদের অধিকার লঙ্ঘন করা হয়েছে।

কাজ করার নির্দিষ্ট ঘণ্টা – সাধারণতঃ, কর্মচারীদের জোর করে নিম্নবর্ণিত সময়ের বেশী কাজ করানো যাবে না

- দৈনিক সময়-মাত্রা – ৮ ঘণ্টা দৈনিক, বা নিয়মিত কাজের ঘণ্টার সংখ্যা সেটি যদি ৮ ঘণ্টার বেশী হয়। কাজ করার দৈনিক ঘণ্টার বেশী কোনো কর্মচারী কাজ করতে পারেন যদি তাঁর লিখিত সম্মতি নেয়ার প্রয়োজনীয়তা পূরণ করা হয়।
- সাপ্তাহিক সময়-মাত্রা – সপ্তাহে ৪৮ ঘণ্টা। কর্মচারীগণ সপ্তাহে ৪৮ ঘণ্টার বেশী কাজ করতে পারেন যদি তাঁদের লিখিত সম্মতি নেয়ার প্রয়োজনীয়তা পূরণ করা হয় এবং এম্প্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ড্স ডিরেক্টারের কাছ থেকে নিয়োগকর্তা অনুমতি নিয়ে থাকেন। (কোনো কোনো ক্ষেত্রে এবং সীমিত শর্তসাপেক্ষে যেখানে এই অনুমতির আবেদন অমীমাংসিত রয়েছে অন্ততঃপক্ষে তিরিশ দিন ব্যাপী, কর্মচারীগণ সীমিতভাবে সাপ্তাহিক ঘণ্টার বেশী কাজ করতে পারেন।

বিশ্রামের সময় – সাধারণতঃ, কর্মচারীগণ বিশ্রামের সময় পাবেন অন্ততঃপক্ষে

- প্রত্যেক দিন ধারাবাহিকভাবে ১১ ঘণ্টা
- প্রত্যেক সপ্তাহে ধারাবাহিকভাবে ২৪ ঘণ্টা কাজ থেকে অবসর বা প্রত্যেক ২-সপ্তাহে ৪৮ ঘণ্টা ধারাবাহিকভাবে অবসর

ওভারটাইম পারিশ্রমিক – বেশীর ভাগ কর্মচারীকে প্রত্যেক সপ্তাহে ৪৪ ঘণ্টা কাজ করার পর ওভারটাইম পারিশ্রমিক দিতে হবে।
ওভারটাইম পারিশ্রমিক নিয়মিত বেতনের দেড়গুণ দিতে হবে।

ন্যূনতম বেতন – বেশির ভাগ কর্মচারীগণ ন্যূনপক্ষে সর্বনিম্ন বেতন পাওয়ার অধিকারী।

ফেব্রুয়ারী ১, ২০০৭	মার্চ ৩১, ২০০৮	মার্চ ৩১, ২০০৯	মার্চ ৩১, ২০১০
ঘণ্টাপ্রতি $৮.০০	ঘণ্টাপ্রতি $৮.৭৫	ঘণ্টাপ্রতি $৯.৫০	ঘণ্টাপ্রতি $১০.২৫

দ্রষ্টব্য ঃ ছাত্র, সুরা পরিবেশনকারী, গৃহকর্মী, এবং শিকার ও মাছধরার গাইডদের ন্যূনতম বেতন ভিন্নরূপ।

বেতনের দিন – কর্মচারীদের নিয়মিতভাবে প্রত্যেক বেতনদিনে তাদের বেতন দিতে হবে, এবং কত বেতন দেয়া হচ্ছে ও ঐ-সময়ের বেতন থেকে কত কেটে রাখা হচ্ছে তা নথিভুক্ত ক'রে তাদের হাতে দিতে হবে।

ছুটির দিন ও বেতন – বেশির ভাগ কর্মচারীগণ প্রত্যেক ১২ মাসে কাজ করে ২ সপ্তাহের ছুটি অর্জন ক'রে থাকে। কর্মচারীগণ কমপক্ষে তাদের মোট বেতনের অন্তত শতকরা ৪ ভাগ অর্জিত ছুটির বেতন হিসেবে পাবেন।

সরকারী ছুটির দিন – অন্টারিওতে প্রতি বছরে ৯টি করে ছুটির দিন আছে। (নিউ ইয়ার্স ডে, ফ্যামিলী ডে, গুড ফ্রাইডে, ভিক্টোরিয়া ডে, ক্যানাডা ডে, লেবার ডে, থ্যাঙ্কসগিভিং ডে, ক্রীসমাস ডে, ডিসেম্বর ২৬)। অধিকাংশ কর্মচারীগণ সরকারী ছুটির বেতন ভোগ করা সহ এই দিনগুলিতে ছুটি উপভোগ করতে পারেন।

অনুপস্থিতির ছুটি – যোগ্য কর্মচারীগণ নিম্নবর্ণিত বেতনহীন চাকরী সংরক্ষিত ছুটিগুলি পাওয়ার অধিকারী ঃ

- ১৭ সপ্তাহ গর্ভকালীন ছুটি
- ৩৫ বা ৩৭ সপ্তাহ পিতৃত্ব/মাতৃত্বের ছুটি
- প্রত্যেক ক্যালেণ্ডার-বর্ষে ব্যক্তিগত জরুরী কারণে ১০ দিনের ছুটি নিজের অসুস্থতা, জখমের ঘটনা বা জরুরী চিকিৎসা সংক্রান্ত কারণে, কিংবা পরিবারের কোনো সদস্যের মৃত্যু, অসুস্থতা, জখম, চিকিৎসা সংক্রান্ত জরুরী অবস্থা বা অন্যান্য জরুরী ঘটনার মোকাবিলা করার জন্য
- ২৬ সপ্তাহ সময়কালে ৮ সপ্তাহের পারিবারিক চিকিৎসা-সংক্রান্ত ছুটি, পরিবারের গুরুতরভাবে অসুস্থ কোনো সদস্যের, এবং কোনো কর্মচারীর যাদেরকে পারিবারিক সদস্য বলে গণ্য করা হয়, সাহায্য বা সেবার প্রয়োজনে যাদের ২৬ সপ্তাহের মধ্যে মৃত্যু হওয়ার ঝুঁকি আছে
- ঘোষণাকৃত জরুরী ভিত্তিতে ছুটি
- অতিরিক্ত বাহিনীভুক্ত সৈনিকের ছুটি

চাকরী সমাপ্তির বিজ্ঞপ্তি ও বেতন – সাধারণতঃ, যদি ৩ মাস বা তারও বেশী সময় ধরে কর্মরত কোনো কর্মচারীকে তার চাকরি থেকে ছাড়িয়ে দেয়া হয়, তাহলে নিয়োগকর্তা সেই কর্মচারীকে লিখিতভাবে আগাম নোটিস দেবেন অথবা নোটিসের পরিবর্তে চাকরি সমাপ্তিকরণের বেতন দেবেন অথবা দু'টিই একসাথে দেবেন।

তরুণ কর্মচারীগণ – আপনাদের অধিকার ও দায়িত্বসমূহের তথ্য জানতে হলে www.labour.on.ca/english/site/youngworkers ওয়েব সাইট খুলে দেখুন।

এছাড়াও অন্যান্য ই-এস-এ অধিকার আছে যেগুলো এই পোস্টারে অন্তর্ভুক্ত করা হয়নি।

বিস্তারিত তথ্যের জন্য শ্রম মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করুন।

416-326-7160 নম্বরে যোগাযোগ করুন, টোল-ফ্রী 1-800-531-5551 অথবা Hearing Impaired TTY (অন্ধ/বধিরদের জন্য)1-866-567-8893
বিস্তারিত তথ্যের জন্য ও মন্ত্রণালয়ের সাথে ই-মেলে যোগাযোগ করার জন্য www.labour.gov.on.ca ওয়েব সাইট খুলে দেখুন।
এম্প্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ড্স্ ক্লেম ফর্ম ServiceOntario Centre থেকে পাওয়া যাবে। আপনার কাছাকাছি সেন্টারের ঠিকানার জন্য 1-800-267-8097 নাম্বারে টেলিফোন করুন।

Version 4.0

© Queen's Printer for Ontario, 2008 Printed in Canada
ISBN 978-1-4249-5827-6 (Print)
ISBN 978-1-4249-5828-3 (HTML)
ISBN 978-1-4249-5829-0 (PDF)

employment standards act

Bengali
"What You Should Know about the Ontario Employment Standards Act" is also available in English, French, and other languages.
« Ce qu'il faut savoir sur la *Loi sur les normes d'emploi* de l'Ontario » est également disponible en anglais, en français et en d'autres langues.